

#### **৪.৪ জ্ঞান ব্যবস্থাপনা কোষ**

জ্ঞান-নির্ভর ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততর প্রযুক্তি অর্জনের লক্ষ্যকে সামনে রেখে এ বিভাগ কাজের গতিময়তা ও অধিকতর উৎকর্ষতা অর্জনের লক্ষ্য জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) গঠন করেছে।

দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণকারী সহকর্মীদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতায় সকলকে আংশীদার করার ক্ষেত্রে জ্ঞানকোষ বিশেষ ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন অনুবিভাগ ও উন্নয়ন সহযোগীভিত্তিক জ্ঞান ও তথ্যাবলী সকল সহকর্মীদের মাঝে Share করে এ বিভাগের কর্মরত কর্মকর্তাদেরকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সামগ্রিক কর্মকাণ্ডের বিষয়ে পারদর্শী করে তোলা এ কোষের অন্যতম উদ্দেশ্য। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক অর্জিত জ্ঞান, দক্ষতা ও বিশেষজ্ঞতা অনুসন্ধান করে তা বিকাশে সুযোগ প্রদানের মাধ্যমে বিষয়-ভিত্তিক Resource Person Pool গঠন করা এ কোষের চূড়ান্ত লক্ষ্য।

২০১৫-১৬ অর্থবছরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিবের সভাপতিত্বে Avoiding a MIC Trap: Way Forward, Fiscal Analysis and Forecasting, Economic Diplomacy এবং Millennium Challenge Corporation (MCC) বিষয়ে ০৪ টি সেশন অনুষ্ঠিত হয়। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিগণ এসব সেশনে অংশগ্রহণ করেন।